

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
শুংখলা অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১১৬.২০১৭- ৪২৫

তারিখঃ ২৫.১১.২০১৮ খ্রিঃ


কৈফিয়ত তলব

যেহেতু, আপনি ডাঃ মোঃ শাহজাহান (৪১২৫১), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ১৬/০৯/২০০৭ তারিখে পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকায় ন্যস্ত করা হলেও যথাযথ কর্তৃপক্ষ বরাবর যোগদান পত্র দাখিল না করে ০২/০৮/২০১৭ তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থেকে পদায়ন ও কর্মস্থলে অনুপস্থিত সময়কাল নিয়মিত করনের জন্য আবেদন করেন;

যেহেতু, আপনি গত ৩০/০৯/২০০৭ হতে ০২/০৮/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত অর্থাৎ ৯ বছর ১০ মাস ৩ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার পর ০২/০৮/২০১৭ তারিখে পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকায় পদায়ন ও কর্মস্থলে অনুপস্থিত সময়কাল নিয়মিত করনের জন্য আবেদন করেন;

যেহেতু, আপনি একনাগাড়ে ৫(পাঁচ) বছরের অধিককাল অর্থাৎ ৯ বছর ১০ মাস ৩ দিন সরকারী চাকরিতে বিনানুমতিতে অনুপস্থিত রয়েছেন;

সেহেতু, আপনি দীর্ঘ ৯ বছর ১০ মাস ৩ দিন সরকারী চাকরিতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় বিএসআর (প্রথম খন্ড) এর ৩৪ বিধি মতে কেন চাকুরিচ্যুত করা হবেনা, তার কারণ দর্শাতে বলা হলো। এ পত্র জারীর ১০ (দশ) কার্য দিবসের মধ্যে আপনার নিকট থেকে কোন জবাব পাওয়া না গেলে ধরে নেয়া হবে যে, এ বিষয়ে আপনার কোন বক্তব্য নেই এবং সরকার বিধি মোতাবেক একক সিদ্ধান্ত গ্রহণ করবে।

  
(মোঃ আসাদুল ইসলাম)  
সচিব

ডাঃ মোঃ শাহজাহান (৪১২৫১)

ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

স্থায়ী ঠিকানাঃ ( পিতা-আবদুল হামিদ, গ্রাম- বড়রায় পাড়া, পোঃ বিকে রায় পাড়া, থানাঃ গজারিয়া, জেলাঃ মুন্সিগঞ্জ)

মোবাইল নং-০১৭৫৩-০৫২৯৮৬


Email:drjan2009@yahoo.com

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১১৬.২০১৭- ৪২৫/১(৫)

তারিখঃ ২৫.১১.২০১৮ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
- ৩। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৫। সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

  
(শামীমা নাসরিন)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪৫০২৮